



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/গণশুনানি/১৫/১৪(অংশ-২)/৩১৬৩৬(১৮)


তারিখ: ২৮/৭/২০১৬ খ্রি.

বিষয় : আগামী ০৯ আগস্ট ২০১৬ তারিখ রোজ মঙ্গলবার সততা সংঘের সমাবেশ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন দুর্নীতি প্রতিরোধ ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে দেশব্যাপি বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করে আসছে। উক্ত কার্যক্রম পরিচালনার জন্য দুর্নীতি দমন কমিশনের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশের সকল জেলা ও উপজেলায় গঠিত দুর্নীতি প্রতিরোধ কমিটির সহায়তায় দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ছাত্রীদের সমন্বয়ে ‘সততা সংঘ’ গঠন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় আগামী ০৯ আগস্ট ২০১৬ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১২.০০ ঘটিকায় আঞ্জুমান সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নেত্রকোণার শিক্ষক- শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের সাথে উক্ত বিদ্যালয়ের মিলনায়তনে দুর্নীতি বিরোধী নিষ্ঠাবোধ তৈরীর লক্ষ্যে সমাবেশ ও মতবিনিময় সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সমাবেশ ও মতবিনিময় সভায় দুর্নীতি দমন কমিশনের মাননীয় কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

২। এমতাবস্থায়, আগামী ০৯ আগস্ট ২০১৬ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১২.০০ ঘটিকায় আঞ্জুমান সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নেত্রকোণার মিলনায়তনে উক্ত বিদ্যালয়ের শিক্ষক- শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও মতবিনিময় সভায় উপস্থিতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ’ল।

উপজেলা নির্বাহী কর্মকর্তা
সদর উপজেলা
নেত্রকোণা।


(মো: মনিরুজ্জামান)
পরিচালক
(প্রতিরোধ ও গণসচেতনতা)
ফোন: ৯৩৬২৪৩৭

অনুলিপি কার্যার্থে:

১. সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, নেত্রকোণা।
২. সভাপতি, সচেতন নাগরিক কমিটি (সনাক), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. এরিয়া ম্যানেজার, টিআইবি, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

অনুলিপি জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (প্রতিরোধ ও গবেষণা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
২. জেলা প্রশাসক, নেত্রকোণা (সানুগ্রহ অবগতির জন্য)।
৩. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৪. সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ময়মনসিংহ (সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৬. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার অনুসন্ধান/তদন্ত- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৯. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. চেয়ারম্যান, নেত্রকোণা সদর উপজেলা পরিষদ, নেত্রকোণা।
১১. প্রধান শিক্ষক, আঞ্জুমান সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নেত্রকোণা (সততা সংঘের সমাবেশ ও মতবিনিময় সভায় শিক্ষক- শিক্ষিকা ও ছাত্র ছাত্রীদের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
১২. মেয়র, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা।
১৩. নির্বাহী পরিচালক, টিআইবি, মাইডাস সেন্টার, বাড়ী নং- ০৫, সড়ক নং- ১৬ (নূতন) ২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা।